
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>

## শৈত্য প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ : ০৭ জানুয়ারি ২০২০

- বোরো ধানের বীজতলার চারা হলুদ হয়ে গেলে প্রতি শতক জমিতে ২৮০ গ্রাম হারে ইউরিয়া সার প্রয়োগ করতে হবে। প্রতিদিন সকালে জমাকৃত শিশির ঝরিয়ে দিতে হবে।
- বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধিতে নিম্ন তাপমাত্রার প্রভাব কমিয়ে আনার জন্য বোরো ধানের বীজতলা দিনের বেলা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন এবং বিকেলে তা সরিয়ে ফেলুন। এছাড়াও রাতের বেলা সেচ দিয়ে খুব ভোরে পানি সরিয়ে ফেলে ঠান্ডা আবহাওয়ায় চারার বৃদ্ধি অরাসিত করা যায়।
- গমে ব্লাস্ট রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ায় সরিষায় অলটারনারিয়া ব্লাইট রোগ দেখা দিতে পারে। রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- শেষ রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে আলুর নাবী ক্ষসা রোগ হওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- কচুরিপানা, খড় প্রভৃতি দিয়ে আলুর জমিতে মালচিং এর ব্যবস্থা করুন।
- ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠান্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট/ চটের ব্যাগ দিয়ে ঢেকে দিন।
- টমেটোতে হলুদাভ বাদামী দাগ দেখা গেলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- ঠান্ডা আবহাওয়ায় টেডশের হলুদ মোজাইক রোগ দেখা দিতে পারে। অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- রাতের তাপমাত্রা কমে আসছে। কাজেই গবাদি পশুকে চালার নীচে রাখুন। গবাদি পশুর স্বাস্থ্য রক্ষায় প্রতিদিন খাবারের সাথে ৫০-১০০ গ্রাম মিনারেল মিক্সচার খাওয়ান।
- পশু চিকিৎসকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের মুরগীর বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টীকা দেওয়া যেতে পারে।
- চার পাশে চটের ব্যাগ বা প্লাস্টিকের পর্দা দিয়ে ঠান্ডা বাতাস থেকে মুরগীর বাচ্চাকে রক্ষা করুন।
- শীতকালে বিভিন্ন ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষা করুন। শীতকালে খাবারের পরিমাণ কমিয়ে দিন। বেলা ২-৩ টার মধ্যে খাবার দিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা-১২১৫  
([www.dae.gov.bd](http://www.dae.gov.bd))


স্মারক নং-১২.১০.০০০০.০০৪.৯৯.১১৬.১৮/

৩২ (৭১)

তারিখ: ০৬/০১/২০২০ খ্রি:

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (সকল)।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... জেলা (সকল)।

পত্রের মর্মানুযায়ী কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রেরিত বুলেটিং "শৈত্য প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ" বিষয়ক পত্রটি আপনার অধিনস্থ উপজেলা কৃষি অফিস ও মাঠ পর্যায়ে প্রেরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(চেডী দার্সুল)  
পরিচালক